

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
আমার বাড়ি আমার খামার প্রকল্প  
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৯.১৯.১৫৮

তারিখ: ১৭ বৈশাখ ১৪২৬

৩০ এপ্রিল ২০১৯

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

জনাব, নীতিশ চন্দ্র বর্মণ, উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, কানাইঘাট, সিলেট এর বিরুদ্ধে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত, প্রকল্পের কাজে গাফিলতি, অফিসে বিলম্বে আসা, ঋণ প্রদানে বিলম্ব এবং সমিতির সদস্যদের সাথে খারাপ ব্যবহারসহ নানাবিধ অভিযোগ পাওয়া গেছে। এ ছাড়া গত ১৮.০৪.২০১৯ তারিখ কানাইঘাট উপজেলা পরিদর্শনকালে তাকে কর্মস্থলে অনুপস্থিত পাওয়া যায় এবং হাজিরা খাতা পরীক্ষা করে দেখা যায় তিনি গত ১৫.০৪.২০১৯ হতে ১৮.০৪.২০১৯ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিত ছিলেন মর্মে জেলা সমন্বয়কারী, সিলেট প্রকল্প সদর দপ্তরকে লিখিতভাবে অবহিত করেছেন।

২. বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচারণ, কর্তব্য-কর্মে চরম অবহেলা এবং অদক্ষতার প্রমাণ। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ৬ নং শর্তানুযায়ী তাকে ০১ (এক) মাসের নোটিশে চাকুরি হতে অব্যাহতি দেয়ার বিধান রয়েছে।

৩. এমতাবস্থায়, কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে জেলা সমন্বয়কারী এবং উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



৩০-৪-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: [headoffice@ebek-rdcd.gov.bd](mailto:headoffice@ebek-rdcd.gov.bd)

জনাব নীতিশ চন্দ্র বর্মণ, উপজেলা সমন্বয়কারী  
কানাইঘাট, সিলেট।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৯.১৯.১৫৮/১

তারিখ: ১৭ বৈশাখ ১৪২৬

৩০ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, সিলেট।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট, সিলেট।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, সিলেট।
- ৬) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কানাইঘাট, সিলেট।



৩০-৪-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক